



বাংলাদেশ কৃষি ব্যাংক

আঞ্চলিক কার্যালয়, রাঙ্গামাটি।

মাহবুব সেন্টার (১ম তলা), তবলছড়ি, রাঙ্গামাটি
ফোন নং : ০২৩৩৩৩-৭১৮৮১ (অফিস),
০২৩৩৩৩-৭১৮৮৮
mramangamati@krishibank.org.bd

www.krishibank.org.bd

বিকেবি, আঞ্চলিক পর্যায়ে জাতীয় শুদ্ধাচার কৌশলের আলোকে আঞ্চলিক নৈতিকতা কমিটি সভার কার্যবিবরণী

জাতীয় শুদ্ধাচার কৌশলের আলোকে বাংলাদেশ কৃষি ব্যাংক, রাঙ্গামাটি অঞ্চলের আঞ্চলিক নৈতিকতা কমিটির ২য় সভা ২৮/১২/২০২২ খ্রিঃ তারিখ রোজ বুধবার বিকাল ৩-৩০ ঘটিকায় আঞ্চলিক ব্যবস্থাপক, জনাব মো: এমরানুল ইসলাম মজুমদার এর সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় নিম্নে বর্ণিত কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

ক্রম	কর্মকর্তার নাম	পদবী	কর্মস্থল	সভার পদবী
০১	জনাব মো: এমরানুল ইসলাম মজুমদার	আ: ব্যবস্থাপক (সমব্য)	আ: কা: রাঙ্গামাটি	সভাপতি
০২	জনাব মো: দিদারুল ইসলাম	আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা (দায়িত্বে)	আনিকা রাঙ্গামাটি	সদস্য
০৩	জনাব মোহাম্মদ কামরুল হাসান	ব্যবস্থাপক (উ:মু:ক:)	রাঙ্গামাটি শাখা	সদস্য
০৪	জনাব মো: রায়হানুল হক	মুখ্য কর্মকর্তা	আ: কা: রাঙ্গামাটি	ফোকাল পয়েন্ট কর্মকর্তা

০২। আলোচ্য বিষয় সমূহঃ

ক) প্রণোদনা খাতে প্রদত্ত ঋণ।

খ) Challan, RTGS, BACH, EFTN, CIF Update, Remittance সম্পর্কিত কাজের অগ্রগতি বিষয়ক

গ) মানি লন্ডারিং

ঘ) গ্রাহক পর্যায়ে প্রদত্ত সেবা প্রদান।

০৩। আঞ্চলিক পর্যায়ে জাতীয় শুদ্ধাচার কমিটি কর্তৃক আলোচ্য বিষয়সমূহ পর্যালোচনাঃ

বিকেবি, আঞ্চলিক পর্যায়ে জাতীয় শুদ্ধাচার কমিটির ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মো: রায়হানুল হক সভাকে প্রণোদনা খাতে প্রদত্ত ঋণ সম্পর্কে জানান যে, কোভিড-১৯ প্রাদুর্ভাব এর কারণে অত্র অঞ্চলীন প্রতিটি শাখায় লক্ষ্যমাত্রার বিপরীতে সূষ্ঠা ও স্বচ্ছতার সহিত ঋণ বিতরণ করা হচ্ছে এবং যে সকল শাখা আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জন হয়নি সে সকল শাখার সাথে লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে আলোচনা হয়েছে। Challan, RTGS, BACH, EFTN, CIF Update, Remittance সম্পর্কিত কাজের দ্রুত অগ্রগতির জন্য প্রতিটি শাখাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আলোচনা হয়। মানি লন্ডারিং আইন-২০১২ সম্পর্কে প্রতিটি শাখাকে যথাযথ ব্যবস্থা গ্রহণ এবং এ সম্পর্কে শাখার কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণকে অবহিতকরণ ও পর্যালোচনার ব্যাপারে আলোচনা হয়। সর্বোপরি উত্তম গ্রাহক সেবা নিশ্চিতকরণে হাসিমুখে প্রতিটি গ্রাহককে সেবা প্রদানের জন্য আলোচনা করা হয়।

০৪। সভাপতি মহোদয় অঞ্চলধীন কার্যালয় ও শাখা পর্যায়ে জাতীয় শুদ্ধাচার চর্চা ও অনুসরণের গুরুত্ব এবং তাৎপর্যের উপর দীর্ঘ ব্যাখ্যা দেন এবং ব্যাংকের সকল কার্য সম্পাদনে অনুমোদিত বিধি বিধান পরিপালন, অফিস শৃঙ্খলা বজায় রাখা, গ্রাহকদেরকে দ্রুত উন্নত সেবা প্রদান, নন-ফার্মিং এ্যাসেট হ্রাসকরণ, ঋণ আদায়ে কার্যকর উদ্যোগ গ্রহণ ও বিতরণে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ এবং ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃক সময়ে সময়ে জারীকৃত নির্দেশনা যথাযথ পরিপালনসহ সকলকে সততা, নিষ্ঠা ও আন্তরিকতার সাথে সকল স্তরে স্ব-স্ব-দায়িত্ব পালনের উপর গুরুত্ব আরোপ করেন।

০৫। বিকেবি, আঞ্চলিক পর্যায়ে জাতীয় শুদ্ধাচার কমিটি কর্তৃক আলোচ্য বিষয়সমূহের পর্যালোচনা করা হয় এবং সর্বসম্মতিক্রমে সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের জন্য শাখা ব্যবস্থাপকগণকে পরামর্শ প্রদান করা হয়।

০৬। পরিশেষে আর কোন বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: রায়হানুল হক)
মুখ্য কর্মকর্তা
বিকেবি, আ:কা:, রাঙ্গামাটি
ও
ফোকাল পয়েন্ট কর্মকর্তা
বিকেবি, আঞ্চলিক জাতীয় শুদ্ধাচার
কৌশল কমিটি

(মো: কামরুল হাসান)
ব্যবস্থাপক (উ:মু:ক:)
বিকেবি, রাঙ্গামাটি শাখা
ও
সদস্য
বিকেবি, আঞ্চলিক জাতীয়
শুদ্ধাচার কৌশল কমিটি

(মো: দিদারুল ইসলাম)
আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা (দায়িত্বে)
বিকেবি, আ:কা:, রাঙ্গামাটি
ও
সদস্য
বিকেবি, আঞ্চলিক জাতীয় শুদ্ধাচার
কৌশল কমিটি

(মো: এমরানুল ইসলাম মজুমদার)
আঞ্চলিক ব্যবস্থাপক
বিকেবি, আ:কা:, রাঙ্গামাটি
ও
সভাপতি
বিকেবি, আঞ্চলিক জাতীয় শুদ্ধাচার
কৌশল কমিটি

নং- আঃ কমঃ (রাঙ্গা) প্রশা-২৩(জাতীয় শুদ্ধাচার কৌশল)/২০২২-২০২৩/৭৭৫

তারিখ ২-২৮/১২/২০২২ খ্রিঃ

সদয় উত্তরার্থে অনুলিপিঃ

- ১। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম।
- ২। উপ-মহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা।
- ৩। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, রাঙ্গামাটি।
- ৪। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, রাঙ্গামাটি অঞ্চল।
- ৫। নথি/ মহনিধি।

(মো: রায়হানুল হক)
মুখ্য কর্মকর্তা
বিকেবি, আ:কা:, রাঙ্গামাটি
ও
ফোকাল পয়েন্ট কর্মকর্তা
বিকেবি, আঞ্চলিক জাতীয়
শুদ্ধাচার কৌশল কমিটি